গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধোবাউড়া,ময়মনসিংহ।

স্মারক নং- ০৫.৪৫.৬১১৬.০০০.৫৫.০০১.১৮-৭৪২ তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ।

**১৪২৫ বঙ্গাব্দের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধোবাউড়া উপজেলা পরিষদের আওতাধীন নিম্ন বর্ণিত হাট-বাজারসমুহ ১৪২৫ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদী অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত হাট ব্যবসায়ী / ঠিকাদার/ ব্যক্তি/ ব্যবসায়ী / প্রতিষ্ঠানের নিকট হতে সরকার কর্তৃক আরোপিত শর্তাধীনে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

নিম্নরূপ সময়সূচী অনুযায়ী দরপত্র ফরম বিক্রয়, দরপত্র গ্রহণ ও খোলা হবে। ১ম পর্যায়ে নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত দরপত্র পাওয়া না গেলে পরবর্তীতে পর্যায়ক্রমে তারিখসমুহে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। কোন পর্যায়ে সন্তোষজনক দর পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে সে বাজারটি তালিকা থেকে বাদ দেয়া হয়েছে মর্মে গণ্য হবে।

হাট- বাজারসমুহের ইজারা বিজ্ঞপ্তির ক্যালেন্ডার

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (বেলা ১.০০টা পর্যন্ত | দরপত্র ফরম বিক্রয়ের স্থান। | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ম | ২৬/০২/২০১৮ | ২৭/০২/২০১৮ | জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ। উপজেলা নির্বাহী অফিসার, ধোবাউড়া, সহকারী কমিশনার (ভূমি), ধোবাউড়া, ধোবাউড়া থানা ও সোনালী ব্যাংক, ধোবাউড়া শাখা। | জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) ,পুলিশ সুপারের কার্যালয়, ময়মনসিংহ, উপজেলা নির্বাহী অফিসার ধোবাউড়া, সহকারী কমিশনার (ভূমি), ধোবাউড়া এর কার্যলয়। |
| ২য় | ০৫/০৩/২০১৮ | ০৬/০৩/২০১৮ | | |
| ৩য় | ১২/০৩/২০১৮ | ১৩/০৩/২০১৮ | | |
| ৪র্থ | ১৯/০৩/২০১৮ | ২০/০৩/২০১৮ | | |

হাট- বাজারসমুহের তথ্যাবলী

| ক্রমিক নং | হাট- বাজারের নাম | হাটের অবস্থান | সরকারী মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | চারুয়াপাড়া বাজার | দক্ষিণ মাইজপাড়া | ৭৬,২০০/- | ৫০০/- |
| ০২ | ভেদীকুড়া বাজার | দক্ষিণ মাইজপাড়া | ২১,৪০০/- | ৫০০/- |
| ০৩ | বাকপাড়া বাজার | দক্ষিণ মাইজপাড়া | ২৯,৭০০/- | ৫০০/- |
| ০৪ | কলসিন্দুর বাজার | গামারীতলা | ১৬,৯৫,৬০০/- | ৪,০০০/- |
| ০৫ | ধোবাউড়া বাজার | ধোবাউড়া | ১১,০৮,৫০০/- | ৩,০০০/- |
| ০৬ | পোড়াকান্দুলিয়া বাজার | পোড়াকান্দুলিয়া | ১০,১৫,৯০০/- | ৩,৮০০/- |
| ০৭ | দুধনই বাজার | পোড়াকান্দুলিয়া | ১,৫২,৪০০/- | ১,০০০/- |
| ০৮ | গোয়াতলা বাজার | গোয়াতলা | ২১,৪৭,২০০/- | ৫,০০০/- |
| ০৯ | ঘোষগাঁও বাজার | ঘোষগাঁও | ২,৯২,৩০০/- | ১,২০০/- |
| ১০ | মুন্সিরহাট বাজার | বাঘবেড় | ২৭,০০,৪০০/- | ৬,২০০/- |
| ১১ | চারিয়াকান্দা বাজার | বাঘবেড় | ৫৮,৭০০/- | ৫০০/- |
| ১২ | মেকিয়ারকান্দা বাজার | বাঘবেড় | ৩৫,১০০/- | ৫০০/- |
| ১৩ | গোস্তাবহুলী বাজার | বাঘবেড় | ৪৯,০০০/- | ৫০০/- |
| ১৪ | চন্দ্রকোনা এরশাদ বাজার | ঘোষগাঁও | ৩২,০০০/- | ৫০০/- |
| ১৫ | তারাইকান্দি বাজার | ধোবাউড়া | ১,১০০/- | ৫০০/- |
| ১৬ | রণসিংহপুর বাজার | গামারীতলা | ১৯,২০০/- | ৫০০/- |
| ১৭ | মৌলভী বাজার | গামারীতলা | ৫,৫০০/- | ৫০০/- |

প্রাপ্ত দরপত্রসমূহ দাখিলের দিনই বেলা ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানতে পারবেন।

১৪২৫ বাংলা সনের হাট- বাজার ইজারার শর্তাবলী ঃ

১. বাংলা ১৪২৫ সনের ১লা বৈশাখ হইতে ১৪২৫ সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট- বাজার ইজারা দেওয়া হইবে।
২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উলিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট /পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার , ধোবাউড়া এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমনয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট- বাজার নিজ খরচে পরিস্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।
৩. যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উলি-খিত দরের অবশিষ্ট ৭৫% ( শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পূনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।
৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চদর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহ্বান করা হইবে।
৫. এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য ব্যবহার করা যাইবে না । দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না । এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না ।
৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উলেখ করিতে হইবে।
৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না । ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন ।
৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে । দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে ।
৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না ।
১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/= (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে ।
১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।
১২. ইজারাদার নিজ খরচে হাট- বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।
১৪. কোন প্রকার ঘষা- মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে, ইজারা দরপত্র বাতিল বলে গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে।

১৭. চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা হইবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

Mhasan ০৬/০২/১৮
(মোঃ মাহদী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ধোবাউড়া, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১১৬.০০০.৫৫.০০১.১৮-১৪২/১(৫০০) তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
৪. পুলিশ সুপার, ময়মনসিংহ।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক/রাজস্ব), ময়মনসিংহ।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ......................(সকল), ময়মনসিংহ।
৮. সহকারী কমিশনার (ভূমি)........ (সকল), ময়মনসিংহ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ

১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
২. সহকারী কমিশনার (ভূমি), ধোবাউড়া, ময়মনসিংহ।
৩. অফিসার ইনচার্জ, ধোবাউড়া থানা, ধোবাউড়া, ময়মনসিংহ।
৪. ম্যানেজার, সোনালী ব্যাংক, ধোবাউড়া শাখা, ধোবাউড়া, ময়মনসিংহ।

এতদ্‌সংক্রান্ত ....... টি সিডিউল প্রেরণ করা হ'ল। সিডিউলসমূহ নির্ধারিত তারিখে বিক্রয় ও গ্রহণপূর্বক দরপত্রের তালিকা, দরপত্র বিক্রয়লব্দ অর্থসহ সকল দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

৫. উপজেলা ........................... অফিসার (সকল), ধোবাউড়া, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
৬. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধোবাউড়া, ময়মনসিংহ।
৭. ইউনিয়ন ভূমি অফিস (সকল), ধোবাউড়া, ময়মনসিংহ।

তাঁকে মাইকযোগে ও ঢোল সহরতের মাধ্যমে উলিখিত বিজ্ঞপ্তিটি হাট-বাজার ও জনবহুল স্থানে ব্যাপক প্রচারপূর্বক সিডিউল বিক্রির তারিখের পূর্বে জারির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হ'ল।

৮. সম্পাদক,দৈনিক আমাদের সময়,১১৮-১২১,তেজগাঁও শিল্প এলাকা,ঢাকা-১২০৮ তাঁকে উলেখিত বিজ্ঞপ্তিটি ২৭/০২/২০১৩ খ্রিঃ তারিখে ০৭/০২/২০১৮ খ্রি তারিখ ০১(এক)দিন পত্রিকায় ৩য় পৃষ্ঠায় স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।

৯. সম্পাদক,"দৈনিক স্বদেশ সংবাদ"ছোট বাজার, ময়মনসিংহ। তাঁকে উলেখিত বিজ্ঞপ্তিটি ২৭/০২/২০১৩ খ্রিঃ তারিখে ০৭/০২/২০১৮ খ্রি তারিখ ০১(এক)দিন পত্রিকায় ৩য় পৃষ্ঠায় স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।

১০. জনাব ............................................., ইজারাদার ................................................................ (সকল হাট-বাজার), ধোবাউড়া, ময়মনসিংহ।

১১. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।

১২. অফিস কপি।

Mhasan ০৬/০২/১৮
(মোঃ মাহদী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ধোবাউড়া, ময়মনসিংহ।